

PRINT

সমকাল

কৃষি বিশ্ববিদ্যালয়ে গুচ্ছ ভর্তি পরীক্ষা এবারও হচ্ছে না

১৪ ঘণ্টা আগে

সমকাল প্রতিবেদক

শিক্ষার্থীদের কষ্ট লাঘব করতে সব কৃষি বিশ্ববিদ্যালয়ের জন্য গুচ্ছ পদ্ধতিতে একটি ভর্তি পরীক্ষা নেওয়ার জন্য সরকারিভাবে নীতিগত সিদ্ধান্ত হয়েছিল গত বছর। চলতি বছর থেকে এ পরীক্ষা হওয়ার কথা থাকলেও তা বাস্তবায়ন হচ্ছে না। চলতি শিক্ষাবর্ষ (২০১৮-১৯) থেকে গুচ্ছ পরীক্ষা অনুষ্ঠানে প্রস্তুতির জন্য যথেষ্ট সময় হাতে না থাকায় ২০১৯-২০ থেকে তা অনুষ্ঠিত হবে।

গতকাল সোমবার সকালে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনে (ইউজিসি) কৃষি বিশ্ববিদ্যালয়গুলোর উপাচার্যদের উপস্থিতিতে অনুষ্ঠিত সভায় এ সিদ্ধান্ত হয়। সভায় সভাপতিত্ব করেন ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান।

পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে সমন্বিত ভর্তি পরীক্ষা গ্রহণে কয়েক বছর আগে থেকে রাষ্ট্রপতি নির্দেশনা দিলেও দেশের বিশ্ববিদ্যালয়গুলো নানা অজুহাতে তাতে একমত হয়নি। তবে দেশের সবক'টি কৃষি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা নেওয়ার বিষয়ে একমত হয়েছিল। এরই ধারাবাহিকতায় চলতি বছরের শুরুতে শিক্ষা মন্ত্রণালয় থেকে ইউজিসি চেয়ারম্যানকে আহ্বায়ক করে সাত সদস্যের একটি কমিটি গঠন করা হয়। চলতি বছর থেকেই এ পরীক্ষা নেওয়ার নীতিগত সিদ্ধান্ত হয়েছিল।

© সমকাল 2005 - 2018

সম্পাদক : গোলাম সারওয়ার । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,

বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com

